**বিষয়: মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের অডিটোরিয়াম বরাদ্দ প্রদান নির্দেশিকা**

যেহেতু, মেরিন ফিশারিজ একাডেমি 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম' নামক একটি অডিটোরিয়াম স্থাপন করেছে; এবং

যেহেতু উক্ত অডিটোরিয়ামে সভা বা সেমিনার বা অনুরূপ কোনো অনুষ্ঠান করা সম্ভব; এবং

যেহেতু, উক্ত অডিটোরিয়ামটি একাডেমির নিজস্ব ব্যবহারের পাশাপাশি সরকারি অন্যান্য প্রতিষ্ঠান বা বেসরকারি প্রতিষ্ঠানকে ভাড়া প্রদানের মাধ্যমে একাডেমির আয় বৃদ্ধিসহ সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা আবশ্যক;

সেহেতু, 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ' অডিটোরিয়াম বরাদ্দ প্রদান নির্দেশিকা নামে নিম্নরূপ নির্দেশিকা প্রবর্তন করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।** — (১) এ নির্দেশিকা 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম বরাদ্দ নির্দেশিকা' নামে অভিহিত হবে।

(২) এ নির্দেশিকা মেরিন ফিশারিজ একাডেমিতে অবস্থিত 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম' এর ভাড়া নির্দেশিকা হিসেবে ব্যবহার ও অবিলম্বে কার্যকর হবে।

**২। বরাদ্দ প্রদানের সাধারণ নীতি।** —মেরিন ফিশারিজ একাডেমির 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ' অডিটোরিয়ামে সভা/সেমিনার আয়োজনের জন্য এই নির্দেশিকা অনুসরণ করা হবে। এই নির্দেশিকা প্রয়োজন অনুযায়ী কমিটি কর্তৃক পরিবর্তন/পরিমার্জন করা যাবে। অধ্যক্ষ মেরিন ফিশারিজ একাডেমি এই নির্দেশিকার আলোকে অডিটোরিয়াম বরাদ্দ প্রদান করবে।

৩। **বরাদ্দ প্রযোজ্যতা।** —নিম্নরূপ প্রতিষ্ঠানসমূহকে ৪ নম্বর অনুচ্ছেদের ভাড়ার হার অনুযায়ী এবং অতঃপর এই নির্দেশিকার অপরাপর শর্তে 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ' অডিটোরিয়াম বরাদ্দ প্রদান করা যাবে:

(ক) বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সভা/সম্মেলন/সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণ; এবং
(খ) বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত আধুনিক প্রযুক্তিগত যন্ত্রপাতি প্রদর্শনী।

৪। **ভাড়ার হার।** — (১) নিম্নরূপ ভাড়ার হারে 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ' অডিটোরিয়াম বরাদ্দ প্রদান করা যাবে:

| ক্রম | ভাড়ার সময় বা মেয়াদ | অডিটোরিয়াম ভাড়া | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | সরকারি প্রতিষ্ঠান | বেসরকারি প্রতিষ্ঠান | |
| ১ | অর্ধবেলা দৈনিক সকাল ০৯:০০ থেকে বেলা ১৪:০০ পর্যন্ত সময়ের জন্য | ১০,০০০/- | ২০,০০০/- | |
| ২ | অর্ধবেলা দৈনিক বেলা ১৪:০০ থেকে বিকাল ১৯:০০ পর্যন্ত সময়ে | ১০,০০০/- | ২০,০০০/- | |
| ৩ | পূর্ণবেলা প্রতিদিন সকাল ০৯:০০ থেকে বিকাল ১৮:০০ পর্যন্ত | ১৫,০০০/- | ৩০,০০০/ | |

(২) অনুষ্ঠান ০১ (এক) দিনের বেশি হলে, দিন অনুপাতে আনুপাতিক হারে ভাড়া ও রক্ষণাবেক্ষণ ব্যয় প্রযোজ্য হবে:

তবে, কোন বেসরকারি প্রতিষ্ঠান বা সংস্থার নামে একাধারে ৫ (পাঁচ) দিনের অধিক অডিটোরিয়াম বরাদ্দ দেয়া হবে না।

(৩) অডিটোরিয়াম বাবদ প্রাপ্ত ভাড়ার অর্থ হতে রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয় হিসেবে ৫০০০ টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

**৫। অডিটোরিয়াম ব্যবহারের সাধারণ নিয়মাবলি।** – বরাদ্দ প্রাপ্তির পর বরাদ্দ গ্রহীতা, সরকারি বা বেসরকারি যে ধরণের প্রতিষ্ঠানই হোক না কেন, নিম্নবর্ণিত নিয়মাবলি আবশ্যিকভাবে অনুসরণ করবে:

(ক) অনুষ্ঠান দ্বারা রাষ্ট্র ও সরকারের ভাবমূর্তি বা কোনো ধর্মবিশ্বাস বা কোনো বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত দেয়া যাবে না;

(খ) বরাদ্দ গ্রহণকারী সহনীয় মাত্রায় এবং অন্যদের বিরক্ত না করে শব্দযন্ত্র ব্যবহার করতে পারবেন:
তবে বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ যদি শব্দ নিয়ন্ত্রণ করতে অনুরোধ করেন, তাহলে বরাদ্দ গ্রহীতা শব্দ নিয়ন্ত্রণ করতে বাধ্য থাকবেন;

(গ) অডিটোরিয়াম এলাকায় ধূমপান করা কিংবা প্রদীপ/মোমবাতি জ্বালানো যাবে না;

(ঘ) অডিটোরিয়ামের স্টেজ, দেয়াল কিংবা সংশ্লিষ্ট স্থান বা আসবাবপত্রে পেরেক ও আঠা ব্যবহার করা যাবে না;

(ঙ) কোনো টিকেট বিক্রয় করা যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো বিজ্ঞাপন প্রচার করা যাবে না;

(চ) পোস্টার, ব্যানার, প্রচারসামগ্রী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোথাও লাগানো যাবে না এবং মেরিন ফিশারিজ একাডেমির কোনো সম্পত্তির কোনো ক্ষতিসাধন করা যাবে না;

(ছ) কোনো ব্যক্তি, সংস্থা, সংগঠনের নামে বরাদ্দকৃত মিলনায়তন অন্য কোনো ব্যক্তি, সংস্থা, সংগঠন ব্যবহার করতে পারবে না;

(জ) অডিটোরিয়াম ব্যবহারকালীন ব্র্যান্ডিং এর জন্য ব্যবহৃত সকল প্রকার প্রচারসামগ্রী ভাড়া গ্রহীতা কর্তৃক নিজ দায়িত্বে বরাদ্দ সময় সমাপ্তির তিন ঘণ্টার মধ্যে অপসারণ করতে হবে;

(ঝ) অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান বরাদ্দ প্রাপ্তির পর প্রচলিত আইনের বিধান মোতাবেক নিজ উদ্যোগে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে যোগাযোগ করে স্থাপনাসহ প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য থাকবে; এবং

(ঞ) বরাদ্দ গ্রহণকারী অডিটোরিয়াম ব্যবহারকালে এর কোনরূপ ক্ষতিসাধন করলে, সে বাবদ অতিরিক্ত অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবে। উল্লেখ্য, যে সম্পদের ক্ষতি সাধিত হবে, তার বাজারমূল্যের সাথে সংস্থাপন ব্যয় যুক্ত করে ক্ষতিপূরণ নির্ধারণ করা হবে।

**৬। অডিটোরিয়াম বরাদ্দের আবেদন।** – বরাদ্দ গ্রহণের আগ্রহী প্রতিষ্ঠান নিম্নরূপে তাদের অনুকূলে অডিটোরিয়াম বরাদ্দের জন্য আবদেন করতে পারবেন:

(ক) অডিটোরিয়াম ব্যবহারের জন্য নির্ধারিত ফরমে হার্ড কপি বা সফট কপি বা ই-মেইল যোগে আবেদন করতে হবে **(পরিশিষ্ট “ক”)।** আবেদন ফরম মেরিন ফিসারিজ একাডেমির ওয়েবসাইট www.mfacademy.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

(খ) অডিটোরিয়াম ভাড়ার বুকিং মানি বাবদ ছকে উল্লিখিত নির্ধারিত টাকার অগ্রিম হিসেবে ৫,০০০/- (টাকা পাঁচ হাজার মাত্র) আবেদনপত্রের সাথে এবং অবশিষ্ট টাকা অনুষ্ঠানের পূর্বেই নিম্নলিখিত একাউন্টে নগদ/পে-অর্ডার জমা প্রদান করে একাডেমির হিসাব শাখা হতে জমা রশিদ গ্রহণ করতে হবে:

একাউন্টের নাম: মেরিন ফিশারিজ একাডেমি চট্টগ্রাম
সঞ্চয়ী হিসাব নং-০২০০০০৬০৪০৬০৮,
অগ্রণী ব্যাংক, ইছানগর শাখা, চট্টগ্রাম
রাউটিং নাম্বার-০১০১৫৩৪৩৯

(গ) অডিটোরিয়াম বরাদ্দের আবেদন মঞ্জুরের পর আবেদনকারী বরাবরে অডিটোরিয়াম বরাদ্দপত্র ইস্যু করা হবে (**পরিশিষ্ট "খ")**।

**পরিশিষ্ট "ক"**

বরাবর,
অধ্যক্ষ
মেরিন ফিশারিজ একাডেমি
মৎস্য বন্দর, চট্টগ্রাম

বিষয়: মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম বরাদ্দ পাওয়ার আবেদন।

জনাব,

আমাদের প্রতিষ্ঠান/ সংস্থার একটি অনুষ্ঠান আয়োজনের জন্য আমরা আপনার নিয়ন্ত্রণাধীন ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়ামটি_ভাড়া করতে ইচ্ছুক। অনুষ্ঠানের নাম, তারিখ এবং সময়সূচি নিম্নে উল্লেখ করা হলো।

আমি/আমরা এই আবেদন ফরমের সাথে সংযুক্ত "মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের অডিটোরিয়াম ভাড়া প্রদানের নির্দেশিকা" ও সংশ্লিষ্ট শর্তাবলি যথাযথভাবে প্রতিপালনের অঙ্গীকার করছি।

অডিটোরিয়াম ভাড়া নির্দেশিকা অনুযায়ী অডিটোরিয়াম ব্যবহারের জন্য ভাড়া বাবদ ............... টাকা মাত্র অগ্রিম এ সাথে প্রদান করা হলো।

ক। অনুষ্ঠানের নাম :____________________________________________

খ। অনুষ্ঠানের তারিখ :__________________________________________

গ। অনুষ্ঠানের সময়সূচি :_____________________________________

নিবেদক:

১। প্রতিষ্ঠান/ সংস্থার নাম:____________________________________

২। প্রতিষ্ঠান/ সংস্থার প্রধানের নাম ও পদবি :____________________________

৩। যোগাযোগের পূর্ণ ঠিকানা:____________________________________

৪। ই-মেইল:__________________ টেলিফোন/ মোবাইল নম্বর:____________

৫। আবেদনকারীর নাম ও পদবি:_____________________________

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামের ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম ভাড়া নির্দেশিকা প্রতিপালনের অঙ্গীকার করছি।

তারিখ: আবেদনকারীর স্বাক্ষর ও সিল

নং- তারিখ:

## পরিশিষ্ট "খ"

প্রাপক:

বিষয়: মেরিন ফিশারিজ একাডেমির 'ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম' বরাদ্দপত্র।

সূত্র:

উপর্যুক্ত বিষয় ও সূত্রপত্রের প্রেক্ষিতে মেরিন ফিশারিজ একাডেমি "ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম" আপনার/আপনাদের প্রতিষ্ঠান বা সংস্থার বরাবরে বরাদ্দ প্রদান করা হলো। আপনাদের অনুষ্ঠানটি নির্ধারিত তারিখ ও সময়সূচি অনুযায়ী আয়োজন এবং সম্পন্ন করতে হবে। মেরিন ফিশারিজ একাডেমির "ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ অডিটোরিয়াম ভাড়া প্রদান নির্দেশিকা" এবং নিম্নলিখিত শর্তাবলি আপনাদের প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক যথাযথভাবে প্রতিপালনের শর্তে এই অডিটোরিয়াম বরাদ্দপত্র প্রদান করা হলো। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং অডিটোরিয়াম ভাড়া নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ থাকে যে, মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় এই বরাদ্দপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনুরূপ ক্ষেত্রে ভাড়া গ্রহীতা হিসেবে আপনাদের কোন দাবি বা আপত্তি গ্রহণযোগ্য হবে না। আরও উল্লেখ থাকে যে, অনুষ্ঠানের পূর্বে অডিটোরিয়াম ভাড়া, আনুষাঙ্গিক ব্যয় ইত্যাদি একাডেমির নিম্নলিখিত একাউন্টে জমা প্রদান করতে হবে।

একাউন্টের নাম: মেরিন ফিশারিজ একাডেমি চট্টগ্রাম
সঞ্চয়ী হিসাব নং-০২০০০০৬০৪০৬০৮,
অগ্রণী ব্যাংক, ইছানগর শাখা, চট্টগ্রাম
রাউটিং নাম্বার-০১০১৫৩৪৩৯

**অনুসরণীয় শর্তাবলি:**

(ক) অনুষ্ঠান দ্বারা রাষ্ট্র ও সরকারের ভাবমূর্তি বা কোনো ধর্মবিশ্বাস বা কোনো বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত দেয়া যাবে না;

(খ) বরাদ্দ গ্রহণকারী সহনীয় মাত্রায় এবং অন্যদের বিরক্ত না করে শব্দযন্ত্র ব্যবহার করতে পারবেন। তবে বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষ যদি শব্দ নিয়ন্ত্রণ করতে অনুরোধ করেন, তাহলে বরাদ্দ গ্রহীতা শব্দ নিয়ন্ত্রণ করতে বাধ্য থাকবেন;

(গ) অডিটোরিয়াম এলাকায় ধূমপান করা কিংবা প্রদীপ/মোমবাতি জ্বালানো যাবে না;

(ঘ) অডিটোরিয়ামের স্টেজ, দেয়াল কিংবা সংশ্লিষ্ট স্থান বা আসবাবপত্রে পেরেক ও আঠা ব্যবহার করা যাবে না;

(ঙ) কোনো টিকেট বিক্রয় করা যাবে না এবং এই উদ্দেশ্যে কোনো বিজ্ঞাপন প্রচার করা যাবে না;

(চ) পোস্টার, ব্যানার, প্রচারসামগ্রী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোথাও লাগানো যাবে না এবং মেরিন ফিশারিজ একাডেমির কোনো সম্পত্তির কোনো ক্ষতিসাধন করা যাবে না;

(ছ) কোনো ব্যক্তি, সংস্থা, সংগঠনের নামে বরাদ্দকৃত মিলনায়তন অন্য কোনো ব্যক্তি, সংস্থা, সংগঠন ব্যবহার করতে পারবে না;

(জ) অডিটোরিয়াম ব্যবহারকালীন ব্র্যান্ডিং এর জন্য ব্যবহৃত সকল প্রকার প্রচারসামগ্রী ভাড়া গ্রহীতা কর্তৃক নিজ দায়িত্বে অপসারণ করতে হবে;

(ঝ) অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান বরাদ্দ প্রাপ্তির পর প্রচলিত আইনের বিধান মোতাবেক নিজ উদ্যোগে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে যোগাযোগ করে স্থাপনাসহ প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য থাকবে; এবং

(ঞ) বরাদ্দগ্রহণকারী অডিটোরিয়াম ব্যবহারকালে এর কোনরূপ ক্ষতিসাধন করলে, সে বাবদ মেরিন ফিশারিজ একাডেমি কর্তৃক নির্ধারিত অতিরিক্ত অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবে। উল্লেখ্য, যে সম্পদের ক্ষতি সাধিত হবে, তার বাজারমূল্যের সাথে সংস্থাপন ব্যয় যুক্ত করে ক্ষতিপূরণ নির্ধারণ করা হবে।

অধ্যক্ষ
মেরিন ফিশারিজ একাডেমি
মৎস্য বন্দর, চট্টগ্রাম।

সংযুক্তি:

১। আবেদনকারী প্রতিষ্ঠান বা সংস্থার ------------- তারিখের আবেদন।